



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

E-mail : info@bise-ctg.gov.bd, Website: www.bise-ctg.gov.bd


স্মারক নং-চশিবো/প্রশা-২/জেনা-৫/৯৫(অংশ-২৭)/ ২০২৪(২০০)

তা: ০৩/০৩/১৯

**বিষয়: জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শততম জন্মদিবস উপলক্ষে আয়োজিত রচনা প্রতিযোগিতার বিষয়টি অবহিতকরণ প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম কর্তৃক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শততম জন্মদিবস উপলক্ষে নিম্ন মাধ্যমিক (৬ষ্ঠ - ৮ম), মাধ্যমিক (৯ম ও ১০ম) ও উচ্চ মাধ্যমিক (একাদশ ও দ্বাদশ) পর্যায়ের শিক্ষার্থীদের জন্য রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। বিজ্ঞপ্তিটি আপনার প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীদের অবহিতকরণসহ তাদের নিকট থেকে ১২ই মার্চ ২০১৯ তারিখের মধ্যে উল্লিখিত রচনা সংগ্রহ পূর্বক ১৩ই মার্চ ২০১৯ তারিখ নির্ধারিত কক্ষে জমা দানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

সংযুক্তি: বিজ্ঞপ্তি ০১ পাতা

  
সচিব

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,  
চট্টগ্রাম।

  
৫/৩/১৯

প্রাপকঃ

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

অত্রবোর্ডের আওতাধীন চট্টগ্রাম মহানগরের শিক্ষা প্রতিষ্ঠান সমূহ।

অবগতি ও কার্যার্থে অনুলিপি:

- ১। সকল শাখা প্রধান, অত্রবোর্ড।
- ২। উপ-পরিচালক (হি:ও নি:), অত্রবোর্ড।
- ৩। পি এস টু চেয়ারম্যান, অত্রবোর্ড
- ৪। অফিস কপি



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম


সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

E-mail : info@bise-ctg.gov.bd, Website: www.bise-ctg.gov.bd

### জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শততম জন্মদিবস উপলক্ষে রচনা প্রতিযোগিতা

নতুন প্রজন্মকে বঙ্গবন্ধু চর্চায় উদ্বুদ্ধ এবং তাঁর আদর্শকে হৃদয়ে লালন করতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শততম জন্মদিবস উদযাপন উপলক্ষে রচনা প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে আগ্রহী শিক্ষার্থীদের নিকট থেকে নিম্নোক্ত শর্তে রচনা আহ্বান করা হচ্ছে।

- ১। অত্রবোর্ডের আওতাধীন চট্টগ্রাম মহানগরের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ক) ৬ষ্ঠ থেকে ৮ম খ) ৯ম ও ১০ম এবং গ) একাদশ ও দ্বাদশ শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীরা এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- ২। রচনা প্রতিযোগিতার বিষয়: ক) শৈশব ও কৈশোরে বঙ্গবন্ধু (৬ষ্ঠ থেকে ৮ম, সর্বোচ্চ ৫০০ শব্দ)  
খ) হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি (৯ম ও ১০ম, সর্বোচ্চ ৮০০ শব্দ)  
গ) বঙ্গবন্ধু ও স্বপ্নের বাংলাদেশ (একাদশ ও দ্বাদশ, সর্বোচ্চ ১০০০ শব্দ)
- ৩। রচনা A4 সাইজের অফসেট পেপারে ১ পৃষ্ঠায় (উভয় পৃষ্ঠায় নয়) স্বহস্তে লিখে আগামী ১২ই মার্চ ২০১৯ তারিখ এক কপি ছবিসহ প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দেবে। প্রতিষ্ঠান প্রধানগণ একটি অগ্রায়নপত্র সহ ১৩ই মার্চ ২০১৯ তারিখ ৫০৫ নং কক্ষে অফিস চলাকালীন সময়ে খামবদ্ধ অবস্থায় জমা দেবেন।
- ৪। প্রতিটি বিভাগে তিনটি পুরস্কার প্রদান করা হবে।
- ৫। প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে ১৭ই মার্চ ২০১৯ তারিখ আনুষ্ঠানিকভাবে পুরস্কার ও সনদ বিতরণ করা হবে।

  
আস্থায়ক

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর  
শততম জন্মদিবস উদযাপন কমিটি

ও

সচিব

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,  
চট্টগ্রাম।

